চুয়াডাঙ্গার দর্শনা সীমান্তে ৯৬টি স্বর্ণের বার উদ্ধার, আটক ১

চুয়াডাঙ্গার দর্শনা থানাধীন সুলতানপুর সীমান্ত থেকে প্রায় ১৬ কেজি ১৪ গ্রাম ওজনের ছোট-বড় ৯৬টি স্বর্ণের বারসহ নাজমুল ইসলাম(৩১) নামের এক চোরাকারবারিকে আটক করেছে চুয়াডাঙ্গা-৬ বিজিবি।

আজ মঙ্গলবার সকাল ১০টার দিকে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার সীমান্তবর্তী দর্শনা কার্পাসডাঙ্গা সড়কের রুদ্রনগর গ্রামের পাকা রাস্তার উপর মোটরসাইকেলসহ তাকে আটক করে। আটককৃত চোরাকারবারি দর্শনা পৌরসভার শ্যামপুর গ্রামের আশাদুল হকের ছেলে।

বিষয়টি নিশ্চিত করেছেন চুয়াডাঙ্গা-৬ বিজিবির অধিনায়ক লেঃ কর্নেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান, পিএসসি।

চুয়াডাঙ্গা ৬ বিজিবির অধিনায়ক লেঃ কর্নেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান, পিএসসি বলেন গোয়েন্দা তথ্যের ভিত্তিতে জানতে পারি দর্শনা সুলতানপুর সীমান্ত দিয়ে বাংলাদেশ থেকে ভারতে স্বর্নের বার পাচার হবে। খবর পেয়ে সুলতানপুর ক্যাম্পের বিশেষ টহল দল সুলতানপুর বিওপি’র টহল কমান্ডার হাবিলদার মোঃ আব্দুল হাকিম সঙ্গীয় ফোর্স নিয়ে সীমান্ত পিলার ৭৭/২-এস হতে আনুমানিক ০২ কিঃ মিঃ বাংলাদেশের অভ্যন্তরে দর্শনা- রুদ্রনগর মুজিবনগর সড়কের পাঁকা রাস্তায় টহল করে।এসময় একজন অজ্ঞাত ব্যক্তি ঐ এলাকা দিয়ে সীমান্তের দিকে যাওয়ার প্রাক্কালে বিজিবি সশস্ত্র টহল দলের উপস্থিতি টেরপেয়ে মোটরসাইকেল নিয়ে পালিয়ে যাওয়ার চেষ্টা করে।

এ সময় সুলতানপুর ক্যাম্পের কমান্ডার হাবিলদার মোঃ আব্দুল হাকিম সঙ্গীয় ফোর্স নিয়ে নাজমুল ইসলামকে আটক করে। প্রথম পর্যায়ে স্বীকার না করায় তাকে আটক করে সুলতান কম্পে নিয়ে যায়।পরে তার স্বীকারোক্তিতে অভিনব কায়দায় মোটরসাইকেলের সীটের নীচে ও সাইড কোভারের ভিতর থেকে ছোট বড় ৯৬ টি স্বর্নের বার উদ্ধার করে।আটক এসব স্বর্নের বারের আনুমানিক বাজার মৃল্যে ১৬ কোটি ১৫ লাখ টাকা।বিজিবি এসব বারগুলি দিয়ে ডিসপ্লে করে ৬ বিজিবি লিখছে।

আটককৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় সুলতানপুর বিওপি’র টহল কমান্ডার হাবিলদার মোঃ আব্দুল হাকিম বাদী হয়ে মামলা দায়ের করেছেন এবং সোনার বারগুলো চুয়াডাঙ্গা ট্রেজারি অফিসে জমা দেওয়ার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

দর্শনা ছয়ঘরিয়া গ্রামের কৃষকের ফসল কর্তন; গ্রেফতার ৪

দর্শনা পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের ছয়ঘরিয়া গ্রামের মাঠে ১০ বিঘা ১৫ কাঠা জমির প্রায় ১৯ লাখ টাকার ফলের গাছ ও ফসল কর্তন করেছে দুবৃর্ত্তরা।

এছাড়া ২০/২৫ জন এ হামলা করে ৩টি শ্যালোমেশিন ভাংচুর ও বাড়ি ঘরে হামলা করে এবং ১০ বিঘা ১৫ কাঠা জমির ফসল কর্তনের অভিযোগ করেছে ভুক্তভোগী মাতয়ার রহমান। এসব ফসলের রয়েছে ৩বিঘা ফলন্ত পেঁপে গাছ, ৩বিঘা ফলন্ত পেঁয়ারা গাছ, ৩ বিঘা ভুট্টা ক্ষেত ও ১৫ কাঠা কলাই আগুন দিয়ে পুড়িয়ে দিয়েছে দুবৃর্ত্তরা।

এসব ক্ষতি করার পরও দুবৃর্ত্তরা মতিয়ার রহমানের ৩টি শ্যালোমেশিন ভাংচুর ও বাড়িতে হামলা চালিয়েছে প্রতিপক্ষ। মতিয়ার রহমান জানান, প্রতিপক্ষের সাথে দীর্ঘদিন ধরে জমি নিয়ে মামলা চলছিলো। সে মামলায় বাড়াদী গ্রামের ওলি হোসেনের ছেলে মতিয়ার রহমান। তাদের পক্ষে রায় পেয়ে এসব ফসল বুনেছিলো। হঠাৎ গত রবিবার ভোরে ১০ বিঘা ১৫ কাঠা জমির ফসল ক্ষতিগ্রস্থ করে।

এ ঘটনায় দর্শনা থানায় মতিয়ার রহমান বাদী হয়ে গত ২৭/১১/২০২৩ ইং একটি মামলা করে। যার মালা নং জিআর-১৭/২০২৩। গতকাল সোমবার ঘটনায় দর্শনা থানা পুলিশ ঝাঁঝাঁডাঙ্গা গ্রামের মৃত আজিমুদ্দিনের ছেলে আমানুল্লাহ (৩৫) ও তার ছোট ভাই আব্দুল্লাহ (৩০) এবং ছয়ঘরিয়া গ্রামের মৃত বাহার আলীর ছেলে জান মোহাম্মদ ওরফে জানু (৬০) ও জান মোহাম্মদ এর ছেলে রকিবুল হক (৩১) কে গ্রেফতার করে। ঐ দিনেই কোট থেকে ৪ জনই জামিন নিয়ে বাড়ি ফিরে আসে।

মতিয়ার রহমানের অভিযোগ জামিন পেয়ে পুণরায় গতকাল সোমবার বিকাল সাড়ে ৪টার দিকে তার বাড়িতে হামলা করে। এতে দোলোয়ার হোসেন আহত হয়। দেলোয়ার হোসেনের মাথায় ৩টা ও নাকের উপর ১টি সেলাই হয়েছে। তবে জান মোহাম্মদ জানু ও তাদের লোকজন জানান, জমির মামলা এখনো নিস্পত্তি হয়নি। সে জোর করে ফসল, পেঁ◌ঁপে, কলাই ও পেঁয়ারা গাছ লাগিয়েছে। আমরা কোন ফসল কাটেনি।

জানাগেছে দর্শনা থানার পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের ছয়ঘরিয়া গ্রামের ওলি আহম্মেদের ছেলে মতিয়ার ছয়ঘরিয়া মাঠে তিন বিঘা ফলন্ত পেয়ারা তিন বিঘা পেপে তিন বিঘা ভুট্রা মাশ কলাই ও ঝাল গত পরশু ভোরে একই ইউনিয়নের নাস্তিপুর গ্রামের পটলা গংসহ ২০/২৫ জন ধারালো অস্ত্র দিয়ে বাগানগুলো কেটে সাবাড় করে।বাগানের মালিক মতিয়ার খবর পেয়ে প্রানের ভয়ে যেতে না পেরে দর্শনা থানা পুলিশকে খবর দেয়।দর্শনা থানা পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হলে পালিয়ে যায় পটলা গং।

পরে মতিয়ার বাদি হয়ে থানায় এসে পটলাকে প্রধান আসামী করে ২০ জনের নামে থানায় মামলা করে।এ ঘটনায় মতিয়ার রহমান বাগান ও ফসল হারিয়ে দিশেহারা হয়ে পড়েছে।

আলমডাঙ্গা পৌর আওয়ামীলীগের মতবিনিময় সভা

আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে আলমডাঙ্গা পৌর আওয়ামী লীগের উদ্যোগে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার সন্ধ্যা ৭ টার দিকে উপজেলা আওয়ামী লীগ কার্যালয়ে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় আলমডাঙ্গা পৌর আওয়ামীলীগের সভাপতি দেলোয়ার হোসেনের সভাপতিত্বে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মাসুদুজ্জামান লিটু বিশ্বাস, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম খাঁন,সদস্য হাজী শাহ আলম,

আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সভাপতি আবু মুছা, সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, সাবেক উপজেলা আওয়ামীলীগের সহ- সভাপতি লিয়াকত আলী লিপু মোল্লা, মাসুদ রানা তুহিন।

পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মতিয়ার রহমান ফারুকের উপস্থাপনায় আরো উপস্থিত ছিলেন, পৌর আওয়ামীলীগের সিনিয়র সহ-সভাপতি ডা.অমল কুমার বিশ্বাস, সহ-সভাপতি আমিনুল ইসলাম অপু মোল্লা সাবেক দপ্তর সম্পাদক মাসুদ সালেহিন উৎপল, জাহাঙ্গীর আলম, উপজেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক আলাল উদ্দিন, সাবেক সাংগঠনিক সম্পাদক গোলাম সারোয়ার শামিম, আলমডাঙ্গা সরকারি কলেজের সাবেক সভাপতি আশরাফুল ইসলাম, ছাত্রলীগ নেতা বাদশা, হাসান, সাকিব, অটল, রকি,প্রমুখ।সভায় বক্তাগন আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনে জেলা আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা জননেতা সোলায়মান হক জোয়ার্দ্দার সেলুনে নৌকা প্রতিকে ভোট দিয়ে পুনঃরায় নির্বাচিত করতে হবে।ছেলুন এমপি আমাদের পরিক্ষিত সৈনিক,যে দীর্ঘ ৫৫ বছরের অধিক আওয়ামীলীগের রাজনীতির সাথে জড়িত।আলমডাঙ্গা উপজেলা ও পৌর আওয়ামীলীগের সকল ইউনিয়ন ও ওয়ার্ড কমিটি জননেতা সোলায়মান হক জোয়ার্দারের সাথে আছে। আমরা ৭ জানুয়ারি জনগনের ম্যান্ডেট নিয়ে বিজয়ের হাসি হাসব।

চুয়াডাঙ্গা ২ আসনের এমপি টগরের পক্ষে মনোনয়ন সংগ্রহ

চুয়াডাঙ্গা ২ আসনের বাংলাদেশ আওয়ামীলীগ মনোনীত নৌকার কাণ্ডারি হাজী আলী আজগার টগরের পক্ষে মনোনয়ন সংগ্রহ করেছেন নেতৃবৃন্দ।

গতকাল সোমবার সকাল ১১ টায় চুয়াডাঙ্গা জেলা নির্বাচন কার্যলয়ে মনোনয়ন সংগ্রহ কালে উপস্থিত ছিলেন,দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামীলীগের সাধারন সম্পাদক আলী মুনছুর বাবু,দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু,দর্শনা পৌর আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী,সহ সম্পাদক গোলাম ফারুক আরিফ,জীবননগর পৌরসভার সাবেক মেয়র জাহাঙ্গীর

আলম,আ’লীগ নেতা জাহিদুল ইসলাম,যুবলীগ নেতা ফারুক, হিরন,আব্দুস সালাম ভুট্রু ও ছাত্রলীগ নেতা অপু সরকার।

চুয়াডাঙ্গা ডিবির মাদক বিরোধী অভিযানে ফেনসিডিল সহ আটক ১

চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম-সেবা দিকনির্দেশনায় জেলা পুলিশের সকল ইউনিটে একযোগে মাদক বিরোধী অভিযান পরিচালিত হচ্ছে।

তারই ধারাবাহিকতায় জেলা গোয়েন্দা শাখা (ডিবি) কর্তৃক মাদক বিরোধী বিশেষ অভিযানে জেলা গোয়েন্দা শাখার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ নেতৃত্বে এসআই (নিঃ) মুহিদ হাসান, সঙ্গীয় অফিসার এএসআই (নিঃ) মোঃ মাহমুদুল হাসান, এএসআই (নিঃ) আবেদুর রহমান, এএসআই (নিঃ) বিজন কুমার ভট্টাচার্য, এএসআই (নিঃ) সাদিকুর রহমান জেলা গোয়েন্দা শাখার সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযানে গতকাল সোমবার সন্ধ্যা সাতটার সময় দামুড়হুদা থানাধীন রঘুনাথপুর গ্রামস্থ জনৈক আরিফের গোল্ডেন ব্রিকস এর সামনে রঘুনাথপুর টু লোকনাথপুর গামী পাকা রাস্তার উপর হতে দামুড়হুদা উপজেলা পুরাতন বাস্তপুর (মসজিদপাড়ার) মৃত ফকির বিশ্বাসের ছেলে আসামী মোঃ লাল্টু (৪৫)গ্রেফতারপূর্বক আসামীর হেফাজত হতে অবৈধ মাদকদ্রব্য ৩০ (ত্রিশ) বোতল ফেন্সিডিল উদ্ধারপূর্বক জব্দ করে।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দামুড়হুদা থানায় নিয়মিত মামলা রুজু করা হয়।

চুয়াডাঙ্গায় আলুকদিয়া ইউনিয়নে সচেতনতা বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় যৌনহয়রানি ইভটিজিং, মাদক, জঙ্গীবাদ, দুর্নীতি প্রতিরোধ, আত্মহত্যার বিরুদ্ধে সচেতনতা সৃষ্টি, ডেঙ্গু প্রতিরোধ ও সার্বিক আইন-শৃঙ্খলার বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

চুয়াডাঙ্গা সদর উপজেলার আলুকদিয়া ইউনিয়ন পরিষদের আয়োজনে গতকাল সোমবার বেলা সাড়ে ১১ টায় আলোকদিয়া ইউনিয়ন পরিষদ চত্বরে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গার জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা।

প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা বলেন, আপনার সন্তানকে এমন শিক্ষা দেন যাতে তারা গুরুজনকে সম্মান করতে শেখে। আপনার সন্তানকে সময় দেন, গল্প করেন। মুক্তিযুদ্ধের গল্প শোনান। নীতি নৈতিকতা শেখান। তখন দেখবেন, আপনার সন্তান বিপথে যাবে না। আমরা যারা শিক্ষক, সরকারি কর্মচারী, সাংবাদিক যারা বিভিন্ন ক্ষেত্রে কাজ করি, আমাদেরও দায়িত্ব আছে। আমরা আজ কথা দিবো, আমরা সন্তানকে সময় দেবো। আমরা আমাদের সন্তানকে শিক্ষা দিতে পারিনি। সতর্ক থাকতে হবে। চুয়াডাঙ্গায় প্রায় প্রতিদিন আত্মহত্যার একজন না একজন আত্মহত্যা করে। এগুলোর দিকে সতর্ক থাকতে হবে। আমি বার বার একটি কথা আপনাদের মনে করিয়ে দিচ্ছি। গুজবের বিষয়ে সতর্ক থাকতে হবে।

মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার শামীম ভুইয়া। মতবিনিময় সভার শুরুতে স্বাগত বক্তব্য রাখেন আলুকদিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হাজী আবুল কালাম আজাদ।

অভিভাবকদের মধ্যে বক্তব্য রাখেন আব্দুর রাজ্জাক। মতবিনিময় সভায় শিক্ষার্থীদের মধ্যে বক্তব্য রাখেন আলুকদিয়া রোমেলা খাতুন মাধ্যমিক বিদ্যালয়ের ৭ম শ্রেণির শিক্ষার্থী তাজমিন খাতুন। মতবিনিময় সভার শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত ও গীতাপাঠ করা হয়। এসময় উপস্থিত ছিলেন আলুকদিয়া ইউনিয়নের বীর মুক্তিযোদ্ধা,

বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানর শিক্ষক-শিক্ষার্থী, অভিভাবক, ইউনিয়ন পরিষদের সচিব, ইউপি সদস্য ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ। এছাড়াও, আলুকদিয়া ইউনিয়ন পরিষদ চত্বরে বৃক্ষ রোপণ ও নির্ধারিত সময়ে জন্ম নিবন্ধন করায় এক মাকে উপহার তুলে দেন জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা। এর আগে বতৃতা দেওয়ার সময় জেলা প্রশাসক ঘোষণা দেন ওই অনুষ্ঠানে শিক্ষার্থীদের মধ্যে বক্তব্য রাখা ৭ম শ্রেণির ছাত্রী তাজমিন খাতুনের জন্যিএকটি উপহারের। তিনি বলেন, যে শিক্ষার্থীরা সাহস করে কথা বলতে পারে, আমরা মনে করি তারা ভবিষ্যতে বড় হবে।

কার্পাসডাঙ্গা পুলিশের অভিযানে টাপেন্ডাডল ট্যাবলেট সহ ব্যবসায়ী আটক

দামুডহুদার কার্পাসডাঙ্গা পুলিশের অভিযানে ৪৮পিচ টাপেন্ডাডল ট্যাবলেট সহ ইকতিয়ার রহমান নামে এক উষধ ব্যবসায়ীকে আটক করেছে।

আটককৃত ব্যাক্তি হলেন কার্পাসডাঙ্গা ইউনিয়নের আরামডাঙ্গা গ্রামের আ: রাজ্জাক মালিথার ছেলে। গতকাল সোমবার রাত সাড়ে আটটার দিকে কার্পাসডাঙ্গা কবরস্থান মোড়ে অভিযান চালিয়ে হাতেনাতে আটক করে।

পুলিশ জানায় গোপন সংবাদের ভিত্তিতে জানতে পেরে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আলমগীর কবিরের নির্দেশে কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের এসআই ইমরান হোসেন এএসআই মোসলেম উদ্দীন সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালিয়ে ৪৮পিচ টাপেন্ডাডল ট্যাবলেট সহ তাকে আটক করে। আটককৃতকে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলা দায়ের করা হয়।

চুয়াডাঙ্গা-২ আসনে জাসদ ও জাতীয় পার্টির দলীয় মনোনয়ন ঘোষণা

চুয়াডাঙ্গা-২ আসন থেকে জাসদ ও জাতীয় পার্টির ২ জন দলীয় মনোনয়ন পেয়েছে। এদের মধ্যে জাতীয় সমাজতান্ত্রিক দল জাসদের মশাল প্রতিকে দেওয়ান ইয়াসিন উল্লাহ ও জাতীয় পার্টির লাঙ্গল প্রতিকে রবিউল ইসলাম দলীয় মনোনয়ন পেলেন।

আজ সোমবার সকাল ১১টায় দর্শনা পৌর জাসদের অফিস থেকে দেওয়ান ইয়াসিন উল্লাহ তার মনোনয়ন সংগ্রহ করেছেন। জাতীয় সমাজতান্ত্রিক দলের সভাপতি হাসানুল হক ইনু”র প্রেরিত মনোনয়ন পত্রটি জাতীয় যুব জোটের দর্শনা পৌর সভাপতি আলমগীর হোসেন মিল্টন, জাসদ কেন্দ্রীয় কমিটির সদস্য অনলাইন নিউজ পোর্টাল ইভেন্ট অল ইভেন্ট নিউজের নিবার্হী সম্পাদক আব্দুস সামাদ আজাদ বিপু ও গড়াইটুপি ইউনিয়ন জাসদের সভাপতি ও চুয়াডাঙ্গা জেলা কমিটির সদস্য ডাক্তার হোসেন এর নিকট থেকে চুয়াডাঙ্গা-২ আসনের মনোনয়ন পত্রটি দেওয়ান ইয়াসিন উল্লাহ গ্রহন করেন।

এ নিয়ে চুয়াডাঙ্গা-২ আসন থেকে ৩ জন দলীয় মনোনয়ন পেলেন।

চুয়াডাঙ্গা-১ আসনের নাগদাহ ইউনিয়নে আনন্দ মিছিল

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসন (চুয়াডাঙ্গা সদর -আলমডাঙ্গা) থেকে জেলা আওয়ামী লীগের সভাপতি ও বীরমুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়াদ্দার ছেলুন আওয়ামী লীগের মনোনয়ন পাওয়ায় নাগদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও কার্যনির্বাহী সদস্যের নেতৃত্বে আনন্দ মিছিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রোববার সন্ধ্যায় নাগদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও ইউনিয়ন আওয়ামীলীগের কার্যনির্বাহী সদস্য এজাজ ইমতিয়াজ বিপুল জোয়াদ্দারের নেতৃত্বে আওয়ামী লীগ ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা আনন্দ মিছিল করেন। এসময় ২ শতাধিক মোটরসাইকেল বহর নিয়ে ইউনিয়নের বিভিন্ন গ্রাম নাগদাহ, বলিয়ারপুর, ভোলারদাড়ি, দমদমা, বেনাগাড়ি, জোড়্গাছা, বারোঘরিয়া,জাহাপুর, চিলাভালকি, জহুরুলনগর, খেজুরতলা, ভেদামারি গ্রাম প্রদক্ষিণ করেন।

এসময় আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগ ও সহযোগী সংগঠনের পক্ষ থেকে আনন্দ মিছিল করা হয়। এছাড়া স্থানীয় নেতাকর্মীরা সোলায়মান হক জোয়াদ্দার ছেলুনের নৌকা মার্কায় ভোট দেওয়ার জন্য অনুরোধ করেন।

এর আগে রোববার বিকেলে বঙ্গবন্ধু এভিনিউর আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয় থেকে মনোনয়ন প্রাপ্তদের নাম ঘোষণা করেন দলের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের।

উল্লেখ্য, চুয়াডাঙ্গা-১ আসন থেকে মনোনয়ন ফরম সংগ্রহ করেন সোলায়মান হক জোয়াদ্দার ছেলুন ছাড়াও আরও ১৬ জন। এর আগে একাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগের মনোনয়নে সংসদ সদস্য নির্বাচিত হন ছেলুন । এবারও তাকে দলীয় মনোনয়ন দিয়েছে আওয়ামী লীগ।

(আগের নিউজটায় তথ্য সংকট ছিলো,পূণরায় আপডেট করা হয়েছে। এই নিউজটা নিবেন)।

ছেলুন জোয়ার্দ্দার নৌকার মাঝি হওয়াতে আলমডাঙ্গায় আনন্দ মিছিল-মিষ্টি বিতরণ

আসন্ন জাতীয় নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনে আবারও নৌকার মনোনয়ন পেলেন জেলা আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক